গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

বান্দরবান।

www.bhdc.gov.bd

স্মারক নং ঃ ২৬.৫৫.০৩০০.০০৬.১১.০০৯.১৯-৫০৫ তাং ঃ ২৭/০৪/২০২৩ খ্রি.।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকার ২৮/১১/২০২২খ্রি. তারিখের ৪৭.০৩২.০১৯.৬১.০০.০১৭.২০১৫.৫৭৪ স্মারকমূলে প্রদত্ত ছাড়পত্র-এ বর্ণিত শর্ত মোতাবেক বান্দরবান পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা সমবায় কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার আওতাধীন ৩য় ও ৪র্থ শ্রেণীর ২৩টি শুণ্য পদের নিম্নবর্ণিত পদসমূহের বিপরীতে জনবল নিয়োগের নিমিত্ত বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা ও যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	পদ সংখ্যা	বয়স	বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	সহকারী পরিদর্শক (গ্রেড-১৪)	০৭ (সাত)টি	১৮-৩০ বছর	১০২০০-২৪৬৮০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।
০২	তাঁত সুপারভাইজার (গ্রেড-১৬)	০১ (এক)টি	১৮-৩০ বছর	৯৩০০-২২৪৯০/-	সরকারী বয়ন স্কুল বা স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে কারিগরি কোর্স পরীক্ষায় উর্ত্তীণ।
০৩	ক্যাশিয়ার (গ্রেড-১৬)	০১ (এক)টি	১৮-৩০ বছর	৯৩০০-২২৪৯০/-	কোন স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ।
০৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	০৪ (চার)টি	১৮-৩০ বছর	৯৩০০-২২৪৯০/-	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ। খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত: এবং গ) কম্পিউটারে Word Processing, Data Entry and Typing এর গতি প্রতি মিনিটে বাংলা সর্বনিম্ন ২০ ও ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে।
০৫	অফিস সহায়ক (গ্রেড-২০)	১০(দশ)টি	১৮-৩০ বছর	৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি বা সমমান পরীক্ষায় উর্ত্তীণ।

শর্তাবলী ঃ-

১। নিয়োগের ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে।

২। আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান বরাবর আবেদনের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকের আবেদনপত্র ও প্রয়োজনীয় বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ১৫/০৫/২০২৩খ্রি. তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে সরাসরি বা ডাকযোগে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে পৌছাতে হবে। উক্ত তারিখের পরে সরাসরি,ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণ পূর্বক দরখাস্ত করতে হবে। আবেদন পত্রের ছক পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এবং জেলা সমবায় কার্যালয়, বান্দরবান এর ওয়েব সাইটে যথা: www.bhdc.gov.bd ও www.cooparative.bandarban.gov.bd এবং পার্বত্য জেলা পরিষদ বান্দরবান ও জেলা সমবায় অফিসারের কার্যালয়, বান্দরবান এর নোটিশ বোর্ডে প্রর্দশিত হবে।

৪। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবে। স্থায়ী বাসিন্দা সংক্রান্ত বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসক প্রদত্ত সনদ থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার বজায় থাকবে।

৫। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্বান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬। প্রার্থীর বয়স ১৫/০৫/২০২৩খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নং স্মারক মূলে জারিকৃত পরিপত্র অনুসারে ২৫/০৩/২০২০খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৭। মুক্তিযোদ্ধার কোটার প্রার্থীদের ক্ষেত্রে (মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তান) সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ এবং মুক্তিযোদ্ধার সাথে সর্ম্পক বিষয়ে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ পৌরসভা চেয়ারম্যান / ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, উপজাতীয় কোটা এবং অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৮। অত্র নিয়োগ প্রক্রিয়ায় উপজাতীয় ও অ-উপজাতীয় স্থায়ী অধিবাসীদের বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল সংক্রান্ত প্রচলিত সরকারি সার্কুলার অনুসরণ করা হবে।

৯। আবেদন পত্রের খামের শিরোভাগে প্রার্থীত পদের নাম, প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম উল্লেখ করতে হবে।

১০। সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১১। আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা, (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) অভিজ্ঞতা (যদি থাকে), (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (২৫/০৪/২০২৩খ্রিঃ তারিখে) (ঞ) জেন্ডার, (ট) ধর্ম (ঠ) জাতীয়তা (ড) বৈবাহিক অবস্থা ও (ঢ) মোবাইল নম্বর (ণ) জাতীয় পরিচয় পত্র নং (ত) জন্ম নিবন্ধন নং, (থ) ই-মেইল ঠিকানা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

১২। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে।

যথা: (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সকল সনদপত্র, (গ) পৌরসভা/ ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (ঙ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র, (চ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ স্বরূপ বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র, (ছ) জাতীয় পরিচয় পত্র এবং (জ) জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি। ছবি এবং সকল সনদপত্র অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে)।

১৩। আবেদনপত্রের সাথে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ক্রমিক নং-১-৪ পদের জন্য ২০০/= (দুইশত) টাকা এবং ক্রমিক নং ৫ পদের জন্য ১০০/= (একশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মুল কপি পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে । পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

১৪। আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলিয়া বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১৫। ভূঁয়া তথ্য কিংবা সনদপত্র দাখিলকারী এবং ছবি ও সনদ সত্যায়নের ক্ষেত্রে কোন প্রকার জালিয়াতি করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৬। নিয়োগ পরীক্ষা গ্রহণ এবং সকল পর্যায়ের তারিখ পরবর্তীতে জানানো হবে, যা বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও জেলা সমবায় কার্যালয়, বান্দরবানের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭.৪.২৩

(ক্য শৈ হ্লা)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী নিয়োগ কমিটি
সমবায় বিভাগ, বান্দরবান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য জেলা পরিষদ
জেলা সমবায় অফিসারের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা।
www.cooparative.bandarban.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন"

স্মারক নং: ৪৭.৬১.০৩০০.০০০.১১.০৪৪.২৩-২৭৭

তারিখ ঃ ১১/০৪/২০২৩খ্রি.

বিষয়: নিয়োগ বিজ্ঞপ্তি প্রেরণ প্রসংগে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তির অনুলিপি এতদ্সংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

বিতরণ:- (জ্যেষ্ঠতার ক্রমে নয়):

১। মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৩। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ,বান্দরবান/ রাঙ্গামাটি /খাগড়াছড়ি।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব , স্হানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। নিবন্ধক ও মহা-পরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। রিজিয়ন কমান্ডার, বান্দরবান রিজিয়ন।
৯। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
১০। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
১১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
১২। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
১৩। সিভিল সার্জন,বান্দরবান পার্বত্য জেলা।
১৪। জনাব .....সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৫। উপজেলা চেয়ারম্যান, ----------উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
১৬। মেয়র, বান্দরবান/লামা পৌরসভা, বান্দরবান।
১৭। জনসংযোগ কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ,বান্দরবান-কে বিজ্ঞপ্তিটি(চাকুরির আবেদন ফরমসহ) পরিষদের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক জনতা/ দ্য ডেইলী বিজনেস স্ট্যান্ডার্ড, প্রদর্পণ। উক্ত বিজ্ঞপ্তিটি অনুলিপির অংশ বাদে আগামী ..... তারিখের মধ্যে নূন্যতম সাইজে একটি সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত সংখ্যার ০২ (দুই) টি কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো।
১৯। নোটিশ বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
২০। অফিস কপি।

১১/০৪/২০২৩
(ফাতেমা বেগম)
জেলা সমবায় কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা।
ফোন: ০২৩৩৩৩০২৬৭১
dcobandarban@gmail.com
dco.bandarban@coop.gov.bd